

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬১৬

১/ বিবিধ

আরবী

التائب من الذنب كمن لا ذنب له، والمستغفر من الذنب وهو مقيم عليه كالمستهزئ
بربه، ومن آذى مسلما كان عليه من الأثم مثل منابت النخل
ضعيف

رواه البيهقي في " الشعب " (2 / 373 / 1) وابن عساكر في المجلس الثاني والثلاثين
في التوبة من " الأمالي " (ورقة 4 / 1) من طريق الخطيب بسنده عن سلم بن سالم
حدثنا سعيد الحمصي عن عاصم الجذامي عن عطاء عن ابن عباس مرفوعا
ثم رواه في " التاريخ " (15 / 295 / 2) من طريق أخرى عن سلم: حدثنا سعيد بن
عبد العزيز به

قلت: وهذا إسناده ضعيف، سلم بن سالم وهو البلخي الزاهد أورده الذهبي في " الضعفاء " وقال: قال أحمد والنسائي: ضعيف ". وسعيد الحمصي لم أعرفه، ويحتمل أن يكون سعيد بن سنان أبا مهدي الحمصي وهو ضعيف جدا

বাংলা

৬১৬। গুনাহ হতে তওবাকারী সেই ব্যক্তির ন্যায় যার কোন গুনাহ নেই। আর গুনাহের উপর প্রতিষ্ঠিত থেকে গুনাহ হতে ক্ষমা প্রার্থনাকারী তার প্রতিপালকের সাথে বিদ্রূপকারীর ন্যায়। যে ব্যক্তি কোন মুসলিম ব্যক্তিকে কষ্ট দিবে যত খেজুর গাছ জন্মিবে তার সমপরিমাণ তার গুনাহ হবে।

হাদীছটি দুর্বল।

এটি বাইহাকী "আল-শু'আব" (২/৩৭৩/১) গ্রন্থে এবং ইবনু আসাকির "আল-আমলী" গ্রন্থের ৩২ নম্বর খণ্ডের তওবা অধ্যায়ে (৪/১) আল-খাতীব সূত্রে তার সনদে সালাম ইবনু সালেম হতে তিনি সাঈদ আল-হিমসী হতে তিনি আসেম আল-জুযামী হতে ... বর্ণনা করেছেন। তঃপর তিনি "আত-তারীখ" (১৫/২৯৫/২) গ্রন্থে অন্য সূত্রে সালাম হতে তিনি সাঈদ ইবনু আব্দিল আযীয হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। সালাম ইবনু সালেম হচ্ছেন আল বালখী আয-যাহেদ। ইমাম যাহাবী তাকে "আয-যোয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ ইমাম আহমাদ ও নাসাঈ বলেছেনঃ তিনি দুর্বল। আর সাঈদ আল-হিমসীকে আমি চিনি না। হতে পারে তিনি সাঈদ ইবনু সিনান আবু মাহদী আল-হিমসী। তিনি খুবই দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=71495>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন